



# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-১১৫

### শহিদ বুদ্ধিজীবী দিবসের কর্মসূচি

রাজশাহী; ২৮ অগ্রহায়ণ (১৩ ডিসেম্বর):

আগামীকাল ১৪ ডিসেম্বর, শহিদ বুদ্ধিজীবী দিবস। রাজশাহীতে এ উপলক্ষ্যে কর্মসূচি গ্রহণ করেছে জেলা প্রশাসন। বুধবার সকাল দশটায় জেলা প্রশাসকের কার্যালয় চত্বরের শহিদ স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণ করে দিবসের কর্মসূচি শুরু হবে।

সাড়ে দশটায় জেলা প্রশাসকের কার্যালয়ের সম্মেলনক্ষেত্রে শহিদ বুদ্ধিজীবী দিবসের তাৎপর্য তুলে ধরে বিশেষ আলোচনা অনুষ্ঠিত হবে। বেলা সাড়ে এগারোটায় একই স্থানে শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষ্যে আয়োজিত রচনা প্রতিযোগিতার পুরস্কার বিতরণ করা হবে।

সুবিধামতো সময়ে জেলার সকল স্কুল-কলেজ মাদ্রাসাসহ অন্যান্য শিক্ষাপ্রতিষ্ঠানে দিবসটির তাৎপর্য তুলে ধরে বিশেষ আলোচনা সভা অনুষ্ঠিত হবে। এছাড়া সুবিধামতো সময়ে সকল ধর্মীয় উপাসনালয়ে শহিদদের আত্মার শান্তি কামনা করে বিশেষ প্রার্থনা করা হবে।

.....  
তৌহিদ/সিকান্দার/২০২২/১৫.০০ঘ.